



WBB Trust

Work for a Better Bangladesh

প্রেস বিজ্ঞপ্তি

বরাবর  
বার্তা সম্পাদক

ঢাকা, মঙ্গলবার, ২৬ জানুয়ারী ২০১১

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে বাইসাইকেল ও পথচারীবান্ধব করার উদ্যোগ

রাজধানী ঢাকা'র অসহনীয় যানজট থেকে রেহাই পেতে এবং যাতায়াত খরচ কমানোর জন্য ও নিরাপদে ও স্বচ্ছন্দে বাইসাইকেলে এবং হেঁটে চলার জন্য উপযোগী পরিবেশ প্রয়োজন। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে বাইসাইকেল ও পথচারীবান্ধব করতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হবে। আজ বিকেল ৩ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) এবং ডাব্লিউবিবি ট্রাস্ট এর প্রতিনিধি দল সাক্ষাতকালে তিনি এই ঘোষণা প্রদান করেন।

উল্লেখ্য, বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) ও ডাব্লিউবিবি ট্রাস্ট এর সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসভিত্তিক বাইসাইকেল সার্ভিস চালুর উদ্যোগ গ্রহণ করেছে। খুব দ্রুত এই সার্ভিসটি চালুর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। ক্যাম্পাসে শিক্ষক ও শিক্ষার্থীরা বাইসাইকেলে চলাচল শুরু হলে নগরের অধিবাসীদের দৃষ্টি আকর্ষণ করবে। জনসাধারণকে উদ্বুদ্ধ করা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়কে পরিবেশবান্ধব করা এই কার্যক্রমের উদ্দেশ্য।

সারা বিশ্বে বাইসাইকেলকে পুনরায় জনপ্রিয় করার প্রয়াস চলছে। সাইকেল দূষণ ও জ্বালানীমুক্ত বাহন। সাইকেলে চলাচলে খুবই কম জায়গা লাগে। নিয়মিত সাইকেলে চলাচলের মাধ্যমে মুটিয়ে যাওয়া, ব্লাড প্রেসার, স্ট্রোক, হৃদরোগ ও ডায়াবেটিসের মতো জটিল অসংক্রামক ও নিরাময় অযোগ্য রোগসমূহ প্রতিরোধ করা যায়। সঠিক পরিকল্পনা ও তার যথাযথ বাস্তবায়ন করলে অধিক মানুষ সাইকেলে চলাচলে উৎসাহিত হবে। যা যানজট নিয়ন্ত্রণের পাশাপাশি পরিবেশ ও স্বাস্থ্য বিষয়ক নানামুখী সুবিধা অর্জনে সহায়ক ভূমিকা রাখবে।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ, আ, ম, স আরেফীন সিদ্দিকী এর সঙ্গে সাক্ষাত করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) এর কেন্দ্রীয় নেতা কামরুল আহসান খান এবং ডাব্লিউবিবি টাস্ট এর ন্যাশনাল এ্যাডভোকেসী অফিসার মারুফ রহমান প্রমুখ।

ধন্যবাদসহ

(সৈয়দ সাইফুল আলম)  
মিডিয়া কর্মকর্তা  
০১৫৫২৪৪২৮১৪



**WBB Trust**

*Work for a Better Bangladesh*

